

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৩৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১) গৃহে নফল সালাত পড়তে উদ্বুদ্ধকরণ

الترغيب في صلاة النافلة في البيوت

আরবী

(صحيح) عن ابن عمر رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: اجْعَلُوا مِنْ صلَاتِكُمْ فِي بُيُوتِكُمْ، وَلَا تَتَّخِذُوهَا قُبُورًا " رواه البخاري ومسلم وأبو داود والترمذي والنسائي

বাংলা

৪৩৫. (সহীহ্) আবদুল্লাহ ইবনে ওমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "তোমরা গৃহে কিছু সালাত আদায় করবে[1], তোমাদের গৃহগুলোকে কবরস্থান বানাবে না।"[2] (হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৪৩২, মুসলিম ৭৭৭, আবু দাউদ ১০৪৩, তিরমিয়ী ৪৫১ ও নাসাঈ ৩/১৯৭)

ফুটনোট

- [1] . অর্থাৎ বাড়ীতেও কিছু নামায আদায় করবে। বাড়ীকে কবরস্থানের মত পরিত্যাক্ত করবে না। কেননা কবরস্থানে নামায আদায় করা হয় না।
- [2] . এখানে খুবই সুন্দর উপমা পেশ করা হয়েছে। যে বাড়ীতে নামায আদায় করা হয় না তাকে কবরের সাথে তুলনা করা হয়েছে। কেননা কবরের অধিবাসী মৃত ব্যক্তি সাধারণতঃ কোন ইবাদত করতে সক্ষম হয় না। ইমাম ইবনে খুযায়মা হাদীছটি বর্ণনা করে বলেনঃ গোরস্থানে নামায পড়ার ব্যাপারে এ হাদীছে কঠোর সতর্কবাণী উচ্চারণ করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন